

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকার চকবাজারের ০৪(চার) টি কারখানা ও ২(দুই) টি গুদাম হতে  
১৫ টন পলিথিন জব্দ এবং ১০ লক্ষ টাকা জরিমানা আদায়

পরিবেশ দূষণ বিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ২৪/০৬/২০১৯ তারিখ ঢাকা মহানগরস্থ ইসলামবাগ, চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, মজুদ, বিপন্ন ও বিতরণের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ০৪(চার) টি কারখানা ও ২(দুই) টি গুদাম হতে আনুমানিক প্রায় ১৫ টন পলিথিন জব্দ করার পাশাপাশি মোট ১০ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়া, ঢাকা পাওয়ার ডিসট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি) এর সহযোগীতায় তাৎক্ষণিকভাবে চারটি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে উৎপাদন কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনাকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব কাজী তামজীদ আহমেদ জানান নিষিদ্ধ ঘোষিত পলিথিন বিরোধী অভিযান অব্যাহত থাকবে। পরিবেশ অধিদপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর সমন্বয়ে পরিচালিত উক্ত অভিযানে ঢাকা মহানগর কার্যালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

তারিখঃ ২৪/০৬/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা।

মোবাইল নম্বরঃ ০১৭১২১৭৮৮৮২।